মুসলিম দেশগুলোর প্রতি তেহরানের পাশে দাঁড়ানোর আহ্বান



ইরানের জাতীয় নিরাপত্তা কর্মকর্তা লারিজানি। ছবি: সংগৃহীত

ইরানের শীর্ষ নিরাপত্তা কর্মকর্তা আলি লারিজানি মুসলিম দেশগুলোকে তেহরানের পক্ষে অবস্থান নিতে বলেছেন। সোমবার (১৭ মার্চ) তিনি এক বার্তায় ইসলামি বিশ্বের বিভিন্ন দেশের নেতৃত্বকে চলমান আঞ্চলিক উত্তেজনার পরিপ্রেক্ষিতে নিজেদের অবস্থান পুনর্বিবেচনার আহ্বান জানান।

আরবি ভাষায় লেখা চিঠিতে লারিজানি বলেন, বর্তমান পরিস্থিতি মূলত যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে প্রতিরোধ শক্তির দ্বন্দ্ব। তিনি নেতাদের সতর্ক করে বলেন, যুক্তরাষ্ট্র বিশ্বাসযোগ্য নয় এবং ইসরায়েল মুসলিম বিশ্বের জন্য শত্রু। তাই এখন কিছু সময় থেমে নিজের দেশ ও অঞ্চলের ভবিষ্যৎ নিয়ে ভাবা প্রয়োজন।

লারিজানি আরও যুক্তি দেখান, ইরান কোনো আধিপত্য বিস্তার চায় না; বরং দেশটি 'আমেরিকান-জায়নিস্ট আগ্রাসনের' শিকার, যা ইরানকে দুর্বল করার লক্ষ্য রাখে। এছাড়া তিনি সংকটের সময়ে অনেক মুসলিম দেশের সীমিত সমর্থনের বিষয়টিও উল্লেখ করেছেন।

তিনি চিঠিতে উল্লেখ করেছেন, হামলার মধ্যেও ইরানের জনগণ শক্তিশালী জাতীয় ও ধর্মীয় প্রতিরোধ গড়ে তুলেছে।

এবার এই বার্তা এমন সময় এসেছে যখন সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার ও বাহারাইনসহ কয়েকটি দেশ ইরানের সাম্প্রতিক হামলার নিন্দা জানিয়েছে।

ইরান আগেই জানিয়ে দিয়েছে, যুক্তরাষ্ট্রের আঞ্চলিক ঘাঁটির সঙ্গে সম্পর্কিত লক্ষ্যবস্তুতে তাদের হামলা অব্যাহত থাকবে।